গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.২৩.০০১.১৯.২

তারিখ: ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন সংক্রান্ত।**

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৮.০০.০০০০.০০২.২৩.১০.২২-১৬৪, তারিখ: ২৯ জানুয়ারি ২০২৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের নির্দেশনা পরিপালন ও তৎপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন .pdf,

০৬-০২-২০২৫
সুরাইয়া খান
পরিচালক

প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়......(সকল)।

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.২৩.০০১.১৯.২/১ (৫)

তারিখ: ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৫। সংরক্ষণ কপি।

০৬-০২-২০২৫
মোঃ মাহবুবুর রাব্বানী
সহকারী পরিচালক (শিক্ষা ও কারিগরি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

**বিষয়: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. আবু শাহীন মোঃ আসাদুজ্জামান<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| স্থান | : | সভাকক্ষ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৬.০১.২০২৫ খ্রিঃ। |
| সময় | : | বেলা ১১:৩০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট-ক)।

সভাপতি সভাকক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে ভাষা শহিদদের আত্মত্যাগ গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। সভাপতি জানান যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার সভাপতিত্বে গত ০৭ জানুয়ারি ২০২৫ তারিখে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের সাথে সংগতি রেখে এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থায় ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-২) শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | (২.১) একুশে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনসমূহে পতাকা বিধিমালা অনুযায়ী জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। পতাকা সঠিক মাপ ও উত্তোলনের নিয়ম সম্পর্কে সকলকে সচেতন করার লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, সকল বেসরকারি টেলিভিশন/ বেতার এবং সকল প্রিন্ট মিডিয়ায় প্রচারের ব্যবস্থা করতে হবে। | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সকল প্রাথমিক বিদ্যালয়, প্রশিক্ষণ ইনস্টিটিউটসহ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন, সূর্যাস্তের সময় পতাকা নামানো এবং পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর; মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো; মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট; মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| ২. | (২.২) যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্ব স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইংলিশ মিডিয়াম স্কুল ও মাদ্রাসাসমূহ যেন যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন করে সে বিষয়ে বিশেষভাবে তদারকির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর; মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো; মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট; মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| ৩. | ২.১৮ (খ) গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরীতে ট্রাকের মাধ্যমে রাজপথে ভ্রাম্যমাণ সঙ্গীতানুষ্ঠান এবং নৌযানের সাহায্যে ঢাকা শহর সংলগ্ন নৌপথে সঙ্গীতানুষ্ঠানের আয়োজনসহ জেলা- | সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সহকারী পরিচালক সংশ্লিষ্ট জেলা তথ্য অফিস হতে প্রয়োজনীয় সংখ্যক পোস্টার গ্রহণ, বিতরণ ও সাঁটানো নিশ্চিত | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর; মহাপরিচালক উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |

| ক্রমিক নং | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | উপজেলায় ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবেন। এসকল অনুষ্ঠান শহিদ দিবসের সাথে সঙ্গতিপূর্ণ এবং ভাবগাম্ভীর্যপূর্ণ হতে হবে। ডিএফপি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে তিন ধরণের পোস্টার মুদ্রণ করবে। পোস্টারে ৫২ এর চেতনা ও ২৪ এর প্রতিফলন থাকবে। পোস্টার মুদ্রণের পূর্বে ডিএফপি কর্তৃক পোস্টারের নমুনা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে। যার মধ্যে প্রথমটি হবে সার্বজনীন, দ্বিতীয়টি স্কুল-কলেজের শিশু-কিশোরদের জন্য এবং তৃতীয়টি বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ ও বাংলাদেশে অবস্থিত বৈদেশিক দূতাবাসসমূহে প্রচারের জন্য। শিশু-কিশোরদের জন্য মুদ্রিত পোস্টারে মাতৃভাষার সঠিক ব্যবহার সম্পর্কে শিশু-কিশোরদের সচেতন করতে হবে। বিদেশে প্রচারের জন্য মুদ্রিত পোস্টারে "একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" বাংলাসহ জাতিসংঘের স্বীকৃত ৬টি ভাষায় লেখার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। মুদ্রণকৃত পোস্টার একুশে ফেব্রুয়ারির অন্তত: ১ মাস পূর্বে বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে এবং বিভাগ ও জেলা পর্যায়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। জেলা প্রশাসকগণ উক্ত পোস্টার দ্রুত উপজেলায় বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন। | করবেন।<br><br>শিশু কল্যাণ ট্রাস্টের আওতাধীন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সংশ্লিষ্ট জেলার উপজেলা শিক্ষা অফিস থেকে প্রয়োজনীয় সংখ্যক পোস্টার গ্রহণ, বিতরণ ও সাঁটানো নিশ্চিত করবেন। | <br><br>পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| ৪. | (২.২১) শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে শিশুদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে শিশুদের নিয়ে আলোচনা সভাসহ চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ, নান্দনিক হাতের লেখা প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।<br><br>জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি কর্তৃক তাদের কার্যালয়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মসূচিতে কর্মকর্তা এবং প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর; মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট।<br><br>মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি। |
| ৫. | ২.২২ (জ) ভাষা আন্দোলনের শহিদদের স্মৃতির উদ্দেশ্যে আলোচনা সভা, সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান, আবৃত্তি অনুষ্ঠান, হাতের নান্দনিক লেখা প্রতিযোগিতা এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করবে। | একুশে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে আওতাধীন সকল দপ্তর/ সংস্থার অংশগ্রহণে ঢাকা পিটিআই-তে ২১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ সকাল ১০:০০ | অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;<br>মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/<br>মহাপরিচালক, উপানুষ্ঠানিক |

| ক্রমিক নং | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | ঘটিকায় আলোচনা সভার আয়োজন করতে হবে। | শিক্ষা ব্যুরো/ জাতীয় প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট/জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| ৬. | বিবিধ। | ২১শে ফেব্রুয়ারি ২০২৫ তারিখ সকাল ৯:০০ ঘটিকায় কেন্দ্রীয় শহিদ মিনারে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তা, কর্মচারীদের পক্ষ থেকে পুস্পস্তবক অর্পণ করা হবে। এ উপলক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদেরকে সকাল ৮:৩০ ঘটিকায় নীলক্ষেত এলাকায় উপস্থিতি নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়; পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর; পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো; পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট; উপপরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষন ইউনিট এবং উপসচিব (প্রশাসন-২) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
২৮/০১/২০২৫ ইং
ড. আবু শাহীন মোঃ আসাদুজ্জামান
অতিরিক্ত সচিব (প্রশাসন)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

নম্বর- ৩৮.০০.০০০০.০০২.২৩.১০.২২-১৬৪

তারিখঃ ১৫ মাঘ ১৪৩১ / ২৯ জানুয়ারি ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৪. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৬. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৭. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১২. সিনিয়র সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপ্রধান তথ্য কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. অফিস কপি।

২৯/১/২৫
(মোঃ জাহিদ নেওয়াজ)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫১৮০১
ই-মেইল: dsad2@mopme.gov.bd